

## বেসরকারি শিক্ষক কর্মচারীদের পে-স্কেল প্রদানের দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষক কর্মচারীদের পে-স্কেল প্রদান এবং শিক্ষক নেতা অধ্যক্ষ সেলিম উইয়ার মুক্তির দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে শিক্ষক কর্মচারী প্রক্যাজেট। গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবের সামনে এ কর্মসূচি পালন করা হয়।

কর্মসূচিতে সভাপতিত্ব করেন শিক্ষক কর্মচারী প্রক্যাজেটের ভারপ্রাপ্ত মহাসচিব মোঃ জাকির হোসেন। সভায় জাতীয়তাবাদী দলের চেয়ারপার্সনের উপদেষ্টা অ্যাডভোকেট আহমদ আজব খান, অ্যাডভোকেট আবেদ রাজা, অ্যাডভোকেট জয়নাল আবেদিন মেজবাহ, জাতীয়তাবাদী সাংস্কৃতিক জোটের মহাসচিব রফিকুল ইসলাম, ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক জাহাঙ্গির আলম প্রধান প্রমুখ বক্তব্য রাখেন।

কর্মসূচি থেকে দাবি আনিয়ে ২০ এপ্রিল সারাদেশে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি ও ২৩ এপ্রিল দেশের সকল জেলায় বিক্ষোভ কর্মসূচির ঘোষণা দেয়া হয়।